

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভাঃ

সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখঃ ১০/০৪/২০২২ ইং সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ

- ১। জনাব জেলী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী
- ২। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী-
- ৩। চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী-
- ৪। চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী-
- ৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী-

*(Handwritten signature)*

অদ্য ১০/০৪/২০২২ ইং তারিখ রোজ রবিবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব মোঃ আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম আরম্ভ হয়। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণের পর আলোচ্য বিষয় সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। টিকাপ্রদানঃ গবাদিপ্রাণির রোগ নিয়ন্ত্রণে প্রতিষেধক টিকা প্রদানের কোন বিকল্প নেই। এ ব্যাপারে উপস্থিত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সদস্য সচিব বলেন প্রাণিসম্পদ দপ্তরে জনবল কম থাকা সত্ত্বেও টিকাপ্রদান কার্যক্রম যথাসম্ভব চলমান রয়েছে। এ বিষয়ে জনগণকে সচেতন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। পর্যাপ্ত টিকাবীজ সরবরাহ প্রদানের জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষের সংগে পত্রালাপ করা হচ্ছে।

২। উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা সংরক্ষণের অংশ হিসেবে ১ লা নভেম্বর থেকে ৩০ শে জুন পর্যন্ত জাটকা ধরা, মজুদ, পরিবহন নিষিদ্ধ। এ প্রেক্ষিতে হাটবাজার পরিদর্শন ও অভিযান অব্যাহত রয়েছে। মৎস্যচাষীদের বিভিন্ন প্যাকেজের উপর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

*(Handwritten signature)*

সভাপতি

জেলী আক্তার

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

সরিষাবাড়ী, জামালপুর।